



খালেদা জিয়ার সুস্থতা দেশের জন্য জরুরি: দুলু



সংগৃহীত ছবি

বিএনপির নির্বাহী কমিটির সদস্য রুহুল কুদ্দুস তালুকদার দুলু জানিয়েছেন, সাবেক প্রধানমন্ত্রী খালেদা জিয়া গুরুতর অসুস্থ। তিনি বর্তমানে এভারকেয়ার হাসপাতালে সিসিইউতে চিকিৎসাধীন রয়েছেন। দুলু বলেন, দেশের গণতন্ত্র ও স্বাধীনতার জন্য তার সুস্থ থাকা অত্যন্ত গুরুত্বপূর্ণ।

গুৱাবার (২৮ নভেম্বর) নাটোরের বঙ্গজল এলাকায় অবস্থিত এনডিটিআই জামে মসজিদে খালেদা জিয়ার দ্রুত সুস্থতার জন্য দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়। দুলু সেখানে উপস্থিত সাধারণ মানুষ ও দেশবাসীর কাছে দেশনেত্রীর সুস্থতার জন্য দোয়া করার আহ্বান জানান।

মাহফিলে স্থানীয় নেতৃবৃন্দ ও দলের অন্যান্য শীর্ষ নেতারাও উপস্থিত ছিলেন। তাদের মধ্যে ছিলেন জেলা বিএনপির আহ্বায়ক রহিম নেওয়াজ, যুগ্ম আহ্বায়ক মোস্তাফিজুর রহমান শাহীন, সদস্য কাজী শাহ আলম, যুবদলের সভাপতি এ হাই তালুকদার ডালিম এবং সাবেক সাংগঠনিক সম্পাদক ফরহাদ আলী দেওয়ান শাহীন।

LENS ASIA